জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)

Post-Graduate Diploma in Information Technology

ভর্তি বিজ্ঞপ্তিঃ সামার সেমিস্টার ২০১৮

স্মারক সংখ্যাঃ PGDIT-IIT-JU-May 2018 (1)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) কর্তৃক আয়োজিত এক বছর মেয়াদী (তিন সেমিস্টারে বিভক্ত) Post-Graduate Diploma in Information Technology (PGDIT) প্রোগ্রামের পরবর্তী ব্যাচ আগামী মে ২০১৮ থেকে শুরু হতে যাচ্ছে। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপঃ

ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে যে কোন বিষয়ে ব্যাচেলরস ডিগ্রী (এসএসসি থেকে ব্যাচেলরস ডিগ্রী পর্যন্ত কোনটিতেই ৩য় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়)।

খ) ব্যাচেলরস ডিগ্রী পরীক্ষায় অবতীর্ণ ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে পিজিডিআইটি ১ম সেমিস্টার চূড়ান্ত পরীক্ষার পূর্বেই ডিগ্রী উত্তীর্ণ সার্টিফিকেট দেখাতে হবে।

গ) সাধারণ গণিত, ইংরেজি গ্রামার ও আইটি সংক্রান্ত বেসিক তথ্যের উপর ১ ঘন্টার MCQ টাইপ পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

ঘ) অন-লাইন বা অফ-লাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।

PGDIT প্রোগ্রামের কিছু বৈশিষ্ট্যঃ

PGDIT করার সুবিধা	: নন-আইটি গ্র্যাজুয়েটবৃন্দের জন্য আইটি ফিল্ডে প্রবেশের সুবর্ণ সুযোগ। সফলভাবে PGDIT সম্পন্নের পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইআইটি বা অন্য কোন প্রতিষ্ঠান থেকে আইটি, আইসিটি বা সিএসই বিষয়ে মাস্টার্স এবং পিএইচডি করার সুযোগ। এছাড়া রয়েছে IT ফিল্ডে চাকুরির সুযোগ।
প্রদত্ত ডিগ্রীর নাম	: Post-Graduate Diploma in Information Technology (PGDIT)
কোর্সের মেয়াদ	: ১ বছর (৩ সেমিস্টারে বিভক্ত)
মোট ক্রেডিট	: ৩৬
ক্লাসের সময়	: শনিবার বেলা ২:০০ টা থেকে রাত ৮:০০ টা পর্যন্ত
টিউশন ফি	: তুলনামূলকভাবে কম এবং তিনটি কিস্তিতে পরিশোধযোগ্য
পরিবেশ	: মাল্টিমিডিয়া, এসি এবং ওয়াই-ফাই সুবিধা সম্বলিত ক্লাসরুম, ল্যাব এবং উন্নতমানের লাইব্রেরী
পরিবহন সুবিধা	: ছাত্রছাত্রীদের জন্য ঢাকা-ক্যাম্পাস-ঢাকা রুটে গাড়ির ব্যবস্থা

অন-লাইন আবেদন প্রক্রিয়া (১১ মার্চ ২০১৮ থেকে ১২ এপ্রিল ২০১৮ এর মধ্যে):

তিনটি সহজ ধাপে অন-লাইন আবেদন করতে হবেঃ

ধাপ-১: Online Application ফরম পূরণ করে PGDIT Bill No. সংগ্রহঃ

i) প্রথমে **pgdit.iitju.edu.bd** এই ওয়েবসাইটে গিয়ে PGDIT Online Application ক্লিক করুন।

ii) অনলাইন অ্যাপ্লিকেশন ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit বাটনে ক্লিক করুন। তৎক্ষণাৎ স্ক্রীনে এবং আপনার প্রদত্ত মোবাইলে SMS-এর মাধ্যমে PGDIT Bill No. দেখতে পাবেন। এই বিল নম্বরটি সযত্নে সংরক্ষণ করুন।

ধাপ-২: DBBL রকেট-এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে Transaction ID সংগ্রহঃ

এবার আপনার নিজের (যদি থাকে) অথবা এজেন্টের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট থেকে SMS-এ উল্লেখিত পরিমাণ টাকা (১০০০) আইআইটি'র Biller ID 333 -তে জমা দিন।

Rocket-এর মাধ্যমে আবেদন ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

i) Rocket অ্যাকাউন্টের মেইন মেনুতে প্রবেশের জন্য *322# প্রেস করুন।
ii) Payment সিলেক্ট করুন।
iii) অতঃপর Bill Pay সিলেক্ট করুন।
iv) নিজের রকেট একাউন্ট থেকে বিল পে করতে চাইলে 1 সিলেক্ট করুন (এজেন্টের রকেট একাউন্ট থেকে বিল পে করতে চাইলে 2 সিলেক্ট করে আপনার মোবাইল নম্বর টাইপ করুন)।
v) Biller ID হিসেবে 333 টাইপ করুন।
vi) Bill Number হিসেবে ইতিপূর্বে SMS-এর মাধ্যমে প্রাপ্ত PGDIT Bill No. টাইপ করুন।
vii) Amount হিসেবে 1000 (এক হাজার টাকা) টাইপ করুন।
viii) এবার আপনার বা এজেন্টের Rocket একাউন্টের PIN টাইপ করুন।

পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আপনার বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS-এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করুন।

ধাপ-৩: ওয়েবসাইট থেকে Admit Card ডাউনলোডঃ

i) পুনরায় pgdit.iitju.edu.bd সাইটে গিয়ে Admit Card Download বাটনে ক্লিক করুন।
ii) প্রদর্শিত স্ক্রীনে আপনার PGDIT Bill No. এবং DBBL Transaction ID (Txnid) ইনপুট করে Log In বাটনে ক্লিক করুন।
iii) এবার আগে থেকেই স্ক্যান করে রাখা আপনার পাসপোর্ট সাইজের রঙিন ছবি (300 by 300 pixel) এবং সিগনেচার (300 by 80 pixel) আপলোড করুন। অতঃপর Download/ Print বাটনে ক্লিক করে আপনার Admit Card টি সংরক্ষণ করুন।

বিশেষ দ্রষ্টব্যঃ

❖ আপনার ছবি এবং স্বাক্ষরের ডাইমেনশন সঠিকভাবে অ্যাডজাস্ট করার জন্য আপনি উইন্ডোজের MS Paint প্রোগ্রামের সাহায্যও নিতে পারেন। প্রক্রিয়াটি নিম্নরূপঃ



ক) আপনার ছবি বা স্াক্ষর MS Paint প্রোগ্রামের মাধ্যমে Open করুন ।

খ) MS Paint প্রোগ্রামটি চালু থাকা অবস্থায় Ctrl + W প্রেস করুন। ফলে বাম পাশের মত একটি উইন্ডো দেখতে পাবেন।

গ) Percentage এর পরিবর্তে Pixels অপশনটি সিলেক্ট করে Maintain aspect ratio থেকে টিক-মার্ক উঠিয়ে দিন।

ঘ) এবার Horizontal এবং Vertical বক্সের মধ্যে যথাক্রমে 300 ও 300 (ছবি হলে) অথবা 300 ও 80 (স্াক্ষর হলে) টাইপ করে OK ক্লিক করুন। Done!!

অফ-লাইন আবেদন প্রক্রিয়া (১১ মার্চ ২০১৮ থেকে ১২ এপ্রিল ২০১৮ এর মধ্যে):

১) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইআইটি'র অফিস থেকে অথবা pgdit.iitju.edu.bd এই ওয়েবসাইট থেকে ডাউনলোড করে PGDIT Offline Application ফরম সংগ্রহ করুন।

২) আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট/মার্কশীট/ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি এবং আবেদন ফি হিসেবে নগদ ১০০০/- টাকা আইআইটি'র অফিসে সকাল ৮:৩০ টা থেকে বিকেল ৪:০০ টা পর্যন্ত (শুক্রবারসহ) জমা দিয়ে Admit Card সংগ্রহ করুন।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ:

আবেদনের সময়	:	১১ মার্চ থেকে ১২ এপ্রিল ২০১৮
ভর্তি পরীক্ষা (@ IIT, JU) শুক্রবার	:	১৩ এপ্রিল ২০১৮ বিকেল ০৩:০০ টা - ০৪:০০ টা
ভর্তি পরীক্ষার ফলাফল (ওয়েবসাইট ও নোটিশবোর্ড)	:	১৬ এপ্রিল ২০১৮
ভর্তি শুরু	:	১৬ এপ্রিল ২০১৮ থেকে ১০ মে ২০১৮
ক্লাস শুরু	:	১২ মে ২০১৮ শনিবার বেলা ২:০০ টা থেকে

টিউশন এবং অন্যান্য ফি প্রদানঃ

পিজিডিআইটি প্রোগ্রামে ভর্তির জন্য একজন ভর্তিপ্রার্থীর খাতওয়ারী ফি নিম্নরূপঃ

Description	Total Cost (BDT)
Admission Fee	7,000/-
Seminar Library Fee	3,000/-
Semester Fee (Tk. 2000/trimester × 3 trimester)	6,000/-
Course Fee (Tk 1500/credit × 36 credits)	54,000/-
Total	**70,000/-**

টিউশন এবং অন্যান্য ফি তিনটি কিস্তিতে পরিশোধ করতে হবেঃ

- ১ম কিস্তিঃ ভর্তির সময়

Admission Fee	7,000/-
1st Semester Fee	2,000/-
1st Semester Course Fee (Tk 1500/credit × 12 credits)	18,000/-
Total (BDT)	**27,000/-**

- ২য় কিস্তিঃ ২য় সেমিস্টারের শুরুতে

Seminar Library Fee	3,000/-
2nd Semester Fee	2,000/-
2nd Semester Course Fee (Tk 1500/credit × 12 credits)	18,000/-
Total (BDT)	**23,000/-**

- ৩য় কিস্তিঃ ৩য় সেমিস্টারের শুরুতে

3rd Semester Fee	2,000/-
3rd Semester Course Fee (Tk 1500/credit × 12 credits)	18,000/-
Total (BDT)	**20,000/-**

অন্যান্য নির্দেশিকাঃ

১) ভর্তি পরীক্ষার সময় অবশ্যই অ্যাডমিট কার্ড সঙ্গে আনতে হবে।
২) অসম্পূর্ণ বা ভুল তথ্যসম্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে।
৩) পিজিডিআইটি প্রোগ্রামে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন আবাসন সুবিধা দেবে না। শর্তসাপেক্ষে ঢাকা-ক্যাম্পাস-ঢাকা রুটে গাড়ির ব্যবস্থা থাকবে।
৪) ক্লাস শুধুমাত্র শনিবার বেলা ২:০০ টা থেকে রাত ৮:০০ টা পর্যন্ত হবে। তবে প্রয়োজনের তাগিদে এই শিডিউল পরিবর্তনের ক্ষমতা আইআইটি সংরক্ষণ করে।
৫) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে পিজিডিআইটি কো-অর্ডিনেশন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এছাড়া Masters in Information Technology প্রোগ্রামে ভর্তির জন্য ভিজিট করুনঃ pmit.iitju.edu.bd

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

Institute of Information Technology (IIT)
Jahangirnagar University
Savar, Dhaka-1342
Phone: 7791045-51 Ext. 1239
Mobile: 01829210581
E-mail: tanvir@juniv.edu
web: www.juniv.edu/iit, iitju.edu.bd, pgdit.iitju.edu.bd

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আইআইটি'র অবস্থান



কে এম আককাছ আলী
সহযোগী অধ্যাপক ও পরিচালক
আইআইটি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়